55

দৈনিক ইনকিলাব

তারিখ 23 APR 1998
পৃষ্ঠা ৩ কলাম ৮

# কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষার ফল ঘোষণা

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত ২২ এপ্রিল বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন আয়োজিত ১৯৯৭ শিক্ষাবর্ষের কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষার ফল ঘোষণা করা হয়। সংগঠনের চেয়ারম্যান এ, বি, এম, সামসুদ্দীন, ভাইস চেয়ারম্যান ইউসুফ আলম, মিসেস ফাতেমা হামিদ, সাংগঠনিক সচিব হারুন-অর রশিদ, উত্তরাঞ্চল প্রতিনিধি হাফিজুর রহমানসহ কার্যনির্বাহী পরিষদের কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দেশের পাঁচটি বিভাগের কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় দুই সহস্রাধিক শিক্ষার্থী দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম ও অষ্টম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। দ্বিতীয় শ্রেণীর বৃত্তি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ঢাকা রোল-৬১৪, রুশদীয়া হক, মুন পাবলিক স্কুল, উত্তরা, ঢাকা-প্রথম, পাবনা রোল-৭৯৫, মোঃ আরাফাত ইমতিয়াজ সাগর, সান ফ্লাওয়ার কেজি এন্ড প্রিক্যাডেট স্কুল, পাবনা-দ্বিতীয় এবং ঢাকা রোল-৫০৩, প্রিপারেটরী গ্রামার স্কুল, মিরপুর, ঢাকা-তৃতীয় স্থান অধিকার করেছে। চতুর্থ শ্রেণীর বৃত্তি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ঢাকা, রোল-১৩৫৭, নূর ইমতিয়াজ মাহমুদ, সেন্ট্রাল কেজি এন্ড হাইস্কুল, বাসাবো, ঢাকা-প্রথম, ঢাকা, রোল-১৩৬৫, ইসরাত করিম কেকা, সেন্ট্রাল কেজি এন্ড হাই স্কুল, ঢাকা-দ্বিতীয় এবং ঢাকা, রোল-১৪৩৮, কাজী সোহেল আদনান, প্রিপারেটরী গ্রামার স্কুল, মিরপুর, ঢাকা-তৃতীয় স্থান অধিকার করেছে।

পঞ্চম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় নাবিলা চৌধুরী, রোল টঙ্গী-২২০১, রেনেসাঁ প্রিক্যাডেট এন্ড হাইস্কুল টঙ্গী, গাজীপুর-দ্বিতীয় এবং লুৎফুর নাহার উর্মী, রোল, ঢাকা-২০৬৫, সেন্ট্রাল কিন্ডারগার্টেন এন্ড হাইস্কুল, তৃতীয় স্থান অধিকার করেছে।